গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
(ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা)
www.jashore.gov.bd

নম্বর- ০৫.৪৪.৪১০০.০০৯.১৬.০০৭.২৬- ৭৮

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

**অত্যাবশ্যকীয় দ্রব্যাদির লাইসেন্স নবায়নের সময়সীমা বৃদ্ধির আদেশ**

যশোর জেলায় যে সকল ব্যবসায়ীগণ তাদের লৌহ ও ইস্পাতজাতদ্রব্য, সিমেন্ট, কাপড় (পাইকারি ও খুচরা), সুতা (পাইকারি ও খুচরা), জুয়েলারি (ডিলিং), কারিগরী (স্বর্ণ), মিল্কফুড, সিগারেট (পাইকারি) ডিলিং লাইসেন্স নবায়নের আবেদনপত্র ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে দাখিল করতে পারেননি, সে সকল ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, অত্যাবশ্যকীয় দ্রব্যাদি নিয়ন্ত্রণ আদেশ ১৯৮১ এর ২২ (৯) ধারার ক্ষমতাবলে আমি মোহাম্মদ আশেক হাসান, জেলা প্রশাসক, যশোর উল্লিখিত দ্রব্যাদি বিক্রয়ের ডিলিং লাইসেন্স নবায়নের আবেদনপত্র বিধি মোতাবেক দাখিল করার মেয়াদ ৩১ জুলাই, ২০২৬ তারিখ পর্যন্ত বর্ধিত করলাম।

৩০/৬/২৬

মোহাম্মদ আশেক হাসান
জেলা প্রশাসক
যশোর।
ফোন: ০২৪৭৭৭-৬২৬৫২
ই-মেইল- dcjessore@mopa.gov.bd

নম্বর- ০৫.৪৪.৪১০০.০০৯.১৬.০০৭.২৬- ৭৮/১(৬)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। নিয়ন্ত্রক, সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। তাঁকে বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/ঝিকরগাছা/শার্শা/চৌগাছা/বাঘারপাড়া/অভয়নগর/মণিরামপুর/কেশবপুর, যশোর। পৌর প্রশাসক/ইউপি চেয়ারম্যানের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। সিনিয়র তথ্য অফিসার, যশোর। যশোর জেলার সকল উপজেলায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, যশোর।

৫। সভাপতি, যশোর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, যশোর/প্রেসক্লাব, যশোর।

৬। সম্পাদক, দৈনিক লোকসমাজ, যশোর। স্বল্প পরিসর স্থানে বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩০/৬/২৬

জেলা প্রশাসক
যশোর।